

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫০৩

৭/ জুমু'আহর বর্ণনা (کتاب الجمعة)

পরিচ্ছেদঃ ৭/১৪. ইমামের খুৎবাহ চলাকালীন তাহিয়াতুল মসজিদ আদায় করা।

التحية والإمام يخطب

আরবী

حديث جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُوَ يَخْطُبُ: إِذَا جَاءَ أَحَدُكُمْ وَالإِمَامُ يَخْطُبُ أَوْ قَدْ خَرَجَ فَلْيُصِلِّ رَكْعَتَيْنِ

বাংলা

৫০৩. জাবির ইব্নু 'আবদুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) তাঁর খুৎবা প্রদানকালে ইরশাদ করলেনঃ তোমরা কেউ এমন সময় মসজিদে উপস্থিত হলে, যখন ইমাম (জুমু'আহ্র) খুৎবা দিচ্ছেন, কিংবা মিম্বরে আরোহণের জন্য (হুজরাহ হতে) বেরিয়ে পড়েছেন, তাহলে সে তখন যেন দু' রাক'আত সালাত আদায় করে নেয়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৯ : তাহাজ্জুদ, অধ্যায় ২৫, হাঃ ১১৭০; মুসলিম, পর্ব ৭ জুমুআহর বর্ণনা, অধ্যায় ১৪, হাঃ ৮৭৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন